

বাংলা কণ্ঠ
কালের কণ্ঠ

তারিখ : 24 DEC 2015 ...
পৃষ্ঠা : ০৭ ... কলাম : ২

বই উৎসব এক দিনই ১ জানুয়ারি

নিজস্ব প্রতিবেদক >

বই উৎসব এক দিনই হবে। আগামী ১ জানুয়ারি ডিসেম্বর সারা দেশে এই উৎসব পালন করা হবে। তবে পৃথকভাবে দুই মন্ত্রণালয় দুটি ক্ষেত্রে এ উৎসব পালন করবে। ফলে ডিসেম্বরও সব শিক্কে ক্ষেত্রে আসতে হবে। গতকাল বুধবার শিক্ষা মন্ত্রণালয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় বছরের প্রথম দিনই বই উৎসব উদ্বোধনের এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় সিদ্ধান্ত অনুযায়ী ১ জানুয়ারি ডিসেম্বর সকাল ৯টায় রাজধানীর গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল মাঠে আয়োজিত অনুষ্ঠানে পাঠ্যপুস্তক দিবস উদ্বোধন করবেন শিক্ষামন্ত্রী। জাতীয় পাঠ্যপুস্তক দিবসে সারা দেশে শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হবে। এ উপলক্ষে দেশের সব স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান ওই দিন খোলা থাকবে। এর আগে শিক্ষা মন্ত্রণালয় সিদ্ধান্ত নিয়েছিল ১ জানুয়ারি ডিসেম্বর ইওয়ায় ২ জানুয়ারি শনিবার গভ. ল্যাবরেটরি হাই স্কুলে বই উৎসব হবে। কিন্তু প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এই সিদ্ধান্ত থেকে সরে এসে ১ জানুয়ারি মিরপুর ন্যাশনাল বাংলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সকাল ১০টায় বই উৎসব পালনের সিদ্ধান্ত নেয়। এ প্রেক্ষাপটে শিক্ষা মন্ত্রণালয় তাদের উৎসব এক দিন এগিয়ে আনল।